

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
এমআইএস বিভাগ

তথ্য অধিকার সংক্রান্ত তৃতীয় ত্রৈমাসিক অগ্রগতি সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মুহম্মদ আশরাফ হোসেন, সচিব, বিপিসি।
সভার তারিখ	:	৩০/০৩/২০২৩
সভার সময়	:	বেলা ০২.০০ ঘটিকা
স্থান	:	বিপিসি বোর্ড সভা কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা	:	পরিশিষ্ট - ক


১। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব তথ্য অধিকার সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর নির্ধারিত কর্মসম্পাদন সূচকসমূহ এবং তাদের অর্জনের অগ্রগতির বিষয়ে সভাকে অবহিত করেন।

২। তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিপিসি-তে আগত তথ্য প্রাপ্তির আবেদনসমূহ ব্যবস্থাপনার বিষয় সভাপতি জানতে চান। সদস্য-সচিব অবহিত করেন যে, বিদ্যমান অর্থবছরের জানুয়ারী-মার্চ, ২০২৩ সময়ে অত্র অফিসে তথ্য চেয়ে কোন আবেদন দাখিল না হলেও বিপিসি'র অধীনস্থ কোম্পানিতে তথ্য অধিকার আইনের অধীনে দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে কোন তথ্য না পাওয়ায় সংশ্লিষ্ট আবেদনকারী বিপিসি'তে আপিল করেছেন, এবং তদপ্রেক্ষিতে বিপিসি'র আপিল কর্মকর্তা যথাযথ শুনানীর মাধ্যমে তথ্য সরবরাহের বিষয়ে পিওসিএল-কে সিদ্ধান্ত প্রদান করেছেন। সভাপতি তথ্য অধিকার সংশ্লিষ্ট সার্বিক কার্যক্রম বিধি-মোতাবেক সম্পাদন এবং নথি ব্যবস্থাপনা যথাযথভাবে করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সংস্থার বার্ষিক প্রতিবেদন যথাসময়ে প্রকাশের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া, তথ্য অধিকার আইন ও বিধি সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম সম্পন্ন এবং তথ্য অধিকার সম্পর্কিত সুনির্দিষ্ট প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা গ্রহণ এবং নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের বিষয়ে বিপিসি প্রশিক্ষণ কেন্দ্রকে নির্দেশনা প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।

৩। বিস্তারিত আলোচনান্তে, সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্তসমূহ
ক)	তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিশ্চিত করবে।
খ)	বিভাগ/শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা মাসিকভিত্তিক হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
গ)	তথ্য অধিকার আইন, ২০০৯ এর অধীনে ২০২২-২৩ অর্থবছরে বিপিসি'তে দাখিলকৃত তথ্য প্রাপ্তির আবেদনসমূহের নিষ্পত্তি সংক্রান্ত তথ্য এমআইএস বিভাগে নির্ধারিত রেজিস্টারে সংরক্ষণ নিশ্চিত করতে হবে।
ঘ)	তথ্য অধিকার বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা অর্জনে বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
ঙ)	তৃতীয় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (জানুয়ারী-মার্চ, ২০২৩) উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ করবে হবে।
চ)	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদকরণের কাজ অব্যাহত রাখতে হবে।
ছ)	স্বঃপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্যসমূহ সংশ্লিষ্ট বিভাগের সহায়তায় নিয়মিত হালনাগাদ করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।






৩০.০৩.২০২৩
(মুহম্মদ আশরাফ হোসেন)
সচিব

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

বিপিসি'র সচিব জনাব মুহম্মদ আশরাফ হোসেন এর সভাপতিত্বে ৩০/০৩/২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা ০২.০০ ঘটিকায় বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর অধীনে তথ্য অধিকার সংক্রান্ত কমিটির ৩য় সভার উপস্থিতিঃ

বিপিসিঃ

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
১।	জনাব মুস্তফা কুদরুত-ই-ইলাহী	মহাব্যবস্থাপক(বাঃ ও অপাঃ)	-
২।	জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন	ব্যবস্থাপক (হিসাব/ফান্ড)	 ৩০/০৩/২৩
৩।	জনাব কে, এম, রিয়াজ রহমান	উপ-ব্যবস্থাপক (এমআইএস)	 ৩০.০৩.২৩
৪।	জনাব মোঃ শাহীন আনোয়ার	সহঃ ব্যবস্থাপক (প্রশাসন)	 ৩০/০৩/২০২৩
৫।	জনাব মোঃ হেলাল হোসেন	ব্যবস্থাপক (বাঃ ও অপাঃ)	 ৩০.০৩.২০২৩
৬।			
৭।			